

তোমার দৃষ্টি

তুমি আমার অন্তস্থলের খবর জান,
ভাবতে প্রভু, আমি লাজে মরি!
আমি দশের চোখে ধুলো দিয়ে,
কি না ভাবি, আর কি না করি!
সে সব কথা বলি যদি,
আমায় ঘৃণা করে লোকে,
বসতে দেয় না এক বিছানায়
বলে ত্যাগ করিলাম তোকে;
তাই, পাপ ক'রে হাত ধুয়ে ফেলে,
আমি সাধুর পোশাক পরি;
আর, সবাই বলে লোকটা ভাল,
ওর মুখে সদাই হরি।
যেমন, পাপের বোঝা এনে, প্রাণের আঁধার কোণে রাখি;-
অমনি, চমকে উঠে দেখি, পাশে স্বলছে তোমার আঁখি!
তখন লাজে ভয়ে কাঁপতে কাঁপতে, চরণতলে পড়ি,-
বলি বমাল ধরা পড়ে গেছি, এখন যা কর হে হরি!